বিএসএফ’র গুলিতে দুই বাংলাদেশি নিহত

চাঁপাইনবাবগঞ্জের জোহরপুর সাতরশিয়া সীমান্তে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে দুই বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। গুলিতে আহত হয়েছেন আরো দুজন। গতকাল বুধবার (৮ জানুয়ারি) সন্ধ্যায় এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন শিবগঞ্জ উপজেলার পাঁকা ইউনিয়নের দশরশিয়া গ্রামের শফিকুলের ছেলে সুমন (২০) ও এনামুল সরকারের টোলার বুদ্ধুর ছেলে সেলিম (২১)। এর আগে ২০০৮ সালে পদ্মার জলসীমায় অনুপ্রবেশকারী বিএসএফ’র গুলিতে প্রাণ হারিয়েছিলেন নিহত সেলিমের বাবা বুদ্ধু।

স্থানীয় সূত্র জানায়, গুলিবিদ্ধ দুজনের মধ্যে একজন বাংলাদেশি ও আরেকজন ভারতীয় নাগরিক। তারা রাজশাহীতে অজ্ঞাত কোনো ক্লিনিকে চিকিৎসা নিচ্ছেন।

সূত্র জানায়, বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে চাঁপাইনবাবগঞ্জের সদর উপজেলার জোহরপুর সাতরশিয়া সীমান্তপথে গরু আনতে ভারতের দিকে যাচ্ছিলেন কয়েকজন বাংলাদেশি রাখাল। তারা ভারতীয় সীমান্তের প্রায় দুই কিলোমিটার ভেতরে টিকলিচর নামক এলাকায় পৌঁছালে পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার চাঁদনিচক বিএসএফ ফাঁড়ির সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি চালান। এতে ঘটনাস্থলেই দুই বাংলাদেশি রাখাল নিহত হন।

এদিকে, বিএসএফ সদস্যরা রাতেই জিরো লাইনের কাছাকাছি এলাকায় মরদেহগুলো ফেলে রেখে চলে যায়। খবর পেয়ে স্থানীয়দের সহায়তায় দুজনের মরদেহ উদ্ধার করে অজ্ঞাত স্থানে নিয়ে যান স্বজনরা। পরে গভীর রাতে সবার অগোচরে মরদেহগুলো পদ্মার চর এলাকায় পুঁতে ফেলা হয়। সীমান্তে বিএসএফ’র গুলিতে কেউ মারা গেলে আইনি ঝামেলা এড়াতে এভাবেই গোপনে মরদেহ পদ্মার চরে পুঁতে ফেলা হয় বলে জানা গেছে।

কালের কণ্ঠ

গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির বিরুদ্ধে মশাল মিছিল

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটির বিরুদ্ধে মশাল মিছিল করেছে ছাত্রলীগের পদবঞ্চিত নেতাকর্মীরা।

বুধবার সন্ধ্যায় পৌর ছাত্রলীগ সাভাপতি ইমরান হাবীব ও কলেজ ছাত্রলীগ সভাপতি হাসিব মাহমুদের নেতৃত্বে গাংনী শহরে প্রতিবাদী মশাল মিছিল করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগ সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে মেয়াদোত্তীর্ণ গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়।

কলেজ ছাত্রলীগ সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম সেন্টুকে সভাপতি ও ছাত্রলীগ নেতা ফয়সাল জাহান শিশিরকে সাধারণ সম্পাদক মনোনীত করে কমিটি ঘোষণা করেন তারা।

কমিটি বিলুপ্ত ও নতুন কমিটির বিরুদ্ধে মশাল মিছিল গাংনী হাসপাতাল বাজার থেকে মিছিল শুরু করে ছাত্রলীগের নেতাকর্মীরা। মশাল মিছিল বাস স্ট্যান্ড রেজাউল চত্ত্বর ঘুরে গিয়ে সরকারী কলেজ গেটে শেষ হয়।

মেপ্র/এমইএম

গাংনীতে ছাত্রলীগের প্রতিবাদ বিক্ষোভ অব্যহত

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ কমিটি বিলুপ্ত করে ঘোষিত নতুন কমিটির প্রতিবাদে দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ সমাবেশ করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা।

অযোগ্যদের দিয়ে নতুন কমিটি করা হয়েছে অভিযোগ তুলে নতুন কমিটি গঠনের দাবিতে মঙ্গলবার দুপুরে গাংনী শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়।
রোববার রাতে জেলা ছাত্রলীগ এ কমিটি ঘোষণা করে। এর প্রতিবাদে সোমবার বিক্ষোভ সমাবেশ ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদকের কুশপুত্তলিকা দাহ করে ছাত্রলীগের নেতাকর্মীরা।

প্রতিবাদ কর্মসুচীর অংশ হিসেবে আজ দুপুরে গাংনী হাসপাতাল বাজার থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি গাংনী বাস স্ট্যান্ডে সমাবেশের মধ্য দিয়ে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন পৌর ছাত্রলীগ সভাপতি ইমরান হাবীব, কলেজ ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসিবসহ ছাত্রলীগের বিভিন্ন ইউনিট নেতৃবৃন্দ।

মেহেরপুরে জেলা ছাত্রলীগ নেতা মৃদুলের কুশপুত্তলিকা দাহ

মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগের কমিটি গঠনকে কেন্দ্র করে মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুলের কুশপুত্তলিকা দাহ করা হয়েছে।

সোমবার দুপুর ১২টার দিকে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ডে কুশপুত্তলিকা দাহ করে উপজেলা ছাত্রলীগের একাংশের নেতা-কর্মীরা।

গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি হিসাবে আমিনুল ইসলাম সেন্টু ও সাধারণ সম্পাদক হিসাবে ফয়সাল জাহান শিশির-এর নাম ঘোষণা করে মেহেরপুর জেলা কমিটি।

এ কমিটি গঠন নিয়ে একাংশের নেতা গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসিব ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি জীবন আকবর নেতৃত্বে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মৃদুলের বিরুদ্ধে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। পরে গাংনী বাস্ট্যান্ডে মৃদুলের কুশপুত্তলিকা দাহ করা হয়।

গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাসিব জানান,জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদকের মুনতাছির মাহমুদ মৃদুল অনিয়মতান্ত্রিকভাবে ছাত্রলীগের পকেট কমিটি গঠন করেছেন। এ পকেট কমিটি বাতিল না পর্যন্ত আমরা প্রতিবাদ-কর্মসূচি চালিয়ে যাবো।

এদিকে মৃদুলের সাথে মোবাইলফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে,তাকে পাওয়া যায়নি।

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আসিফ সম্পাদক কুতুব

আদিব হোসেন ওরফে আসিফ করিমকে সভাপতি ও কুতুব উদ্দিন আহমেদ কে সাধারণ সম্পাদক করে মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের কমিটি অনুমোদন দিয়েছে জেলা ছাত্রলীগ।

রবিবার রাতে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন ও সাধারণ সম্পাদক মোন্তাসির জামান মৃদুল স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

আগামি এক বছরের জন্য এ কমিটি অনুমোদন দেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এদিকে কমিটি অনুমোদনের পরপরই ফেসবুকে ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা নতুন নেতৃত্বকে অভিনন্দন জানিয়েছেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে স্থানীয় এমপি’র মতবিনিময়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শত বার্ষিকী উপলক্ষে মেহেরপুরের গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে মত বিনিময় করেছেন স্থানীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।
রোববার দুপুরে গাংনী থানা সড়কে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সংসদ সদস্য সাহিদুজামান খোকন বলেছেন, বর্তমান সরকার জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্নভাবে সুযোগ সুবিধা দিয়ে সম্মানীত করছেন। আগামীতেও মুক্তিযোদ্ধাদের সম্মানে তিনি যা করার তা করবেন। বর্তমান সরকার বীর মুক্তিযোদ্ধাদের যেভাবে সম্মানীত করেছেন বিগত কোন সরকার সুযোগ থাকা সত্বেও তা করেনি।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি আওয়ামীলীগ সরকার মনে প্রানে আপনাদের ভাল রাখার চেষ্টা অব্যাহত রেখেছেন। কিন্তু একটি চক্র মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে খেলা করছে। চক্রান্তকারীদের মুক্তিযোদ্ধাদের ইতিহাস নিয়ে না খেলতে হুশিয়ারীদেন। তিনি বলেন মুক্তিযোদ্ধাদের নিয়ে চক্রান্ত করলে তার পরিনাম ভালো হবে না বলেও হুশিয়ারী প্রদান করেন চক্রান্তকারীদের।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান ও মুক্তিযোদ্ধা নেতা আমিরুল ইসলামসহ আওয়ামীলীগ নেতা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যসহ বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

এসময় সাবেক উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ শফিকুল আলম, গাংনী ইটভাটা মালিক সমিতির নেতা এনামুল হকসহ অনেকেই বক্তব্য রাখেন।
- নিজস্ব প্রতিনিধি

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

অনেক জল্পনা-কল্পনা–র অবসান ঘটিয়ে অবশেষে দীর্ঘ ১৬ বছর পর জমকালো আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

ঘোড়শাল ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে বুধবার বিকেলে নারিকেলবাড়িয়া হাইস্কুল মাঠে জাতীয় সঙ্গীত পরিবেশন ও পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্ভোধন ঘোষনা করেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ আব্দুর রশীদ।

ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিত্য গোপাল শিকদারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানি, কালীগঞ্জ উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেলসহ বিভিন্ন ইউনিয়নের সাবেক ও বর্তমান চেয়ারম্যান এবং আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানের সার্বিক তত্বাবধানে ছিলেন ঘোড়শাল ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা পরিষদের সদস্য অলিম্পিক মিয়া। আলোচনা সভার শুরুতেই ঘোড়শাল ইউনিয়নের প্রয়াত আওয়ামীলীগ নেতা সিরাজুল ইসলাম সিরু মিয়াসহ সকল নেতৃবৃন্দের রুহের মাগফেরাত কামনা করে ১ মিনিট নিরাবতা পালন করা হয়।

আলোচনা সভা শেষে ভোটারদের সর্বসম্মতিক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে

সভাপতি পদে নিত্য গোপাল শিকদার ও সাধারণ সম্পাদক পদে রণজিৎ কুমারকে নির্বাচিত করা হয়।

এসময় বক্তারা একাধিকবার নির্বাচিত বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী ও আওয়ামীলীগ নেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে রুপকল্প ভীষন ২০২১ বাস্তবায়নে নেতাকর্মীদের সকল ভেদাভেদ ভুলে গিয়ে কাধে কাধ মিলিয়ে একসাথে কাজ করার পাশাপাশি ২০২০ সালের মুজিব বর্ষ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের প্রতি আহবান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচী পালন

ঝিনাইদহে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী কর্মসূচী পালন করা হয়েছে। ঝিনাইদহ জেলা ছাত্রদলের আয়োজনে বুধবার সকালে জেলা শহরের স্থানীয় ঢাকা কমিউনিটি সেন্টারে ছাত্রদলের ৪১ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা কমান্ডার সাবেক এমপি মসিউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা বিএনপির সাধারন সম্পাদক অ্যাড. আব্দুল আলিম, এনামূল কবির মুকুল, শাহজাহান আলি, জেলা কৃষকদলের সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, কালিচরনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মো: দেলোয়ার হোসেন,

জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রোনক, আজিজুল ইসলাম লিটন, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মিরাজুল ইসলাম, সহ-সভাপতি শাহিনুর রহমান মূন্সি, মেহেদী হাসান প্রমূখ।

আলোচনা সভার আগে ঢাকা কমিউনিটি সেন্টারের নিচ থেকে একটি র্যালী হয়ে আলোচনা সভায় অংশ নেয় দলটির নেতাকর্মীরা।

এসময় ঢাকা কমিউনিটি সেন্টারের প্রতিষ্ঠা বার্ষিকী দিচ্ছে ডাক-গণতন্ত্র মুক্তি পাক এই শ্লোগানে মুখরিত ছিল ছাত্র দলের নেতা কর্মিদের মধ্যে।

আলোচনা সভায় দেশ মাতা উলে¬খ করে বক্তাগণ খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও দেশ নায়ক তারেক রহমানের স্ব-সম্মানে দেশে প্রত্যাবর্তনের দাবি জানান। পরে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

মেহেরপুরে ছাত্রদলের ৪১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

জাতীয়তাবাদী ছাত্রদলের ৪১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছে মেহেরপুর জেলা ছাত্রদল

গতকাল বুধবার কালাম মার্কেট মিলনায়তনে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদ বিশ্বাস, জেলা স্বেচ্ছাসেবকদলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাভেদ সেনজিন, সাজেদুর রহমান বিপ্লব, নাজমুল হোসেন, আবির, সোহানুর রহমান সোহাগ, প্রচার সম্পাদক বকতিয়ার খালেদ বুলবুল, সহ-সাধারন সম্পাদক ফাহিম আহনাফ লিংকন প্রমুখ।

উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি ইলিয়াছ হোসেন,আনছারুল হক, এমএকে খায়রুল বাশার, শেখ সাঈদ আহমেদ, জেলা বিএনপির উপদেষ্টা তোজাম্মেল হক, ইদ্রিস আলী দেওয়ান,ডাঃ জবেদ আলী, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, আব্দুল আওয়াল,ইনসারুল হক ইনসু, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভ’ট্টো,আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা।

প্রধানমন্ত্রীর নতুন বছর শুরু পুরনো সব ফাইল ক্লিয়ার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরনো বছরের সব ফাইল ক্লিয়ার করে নতুন বছর শুরু করেছেন। তিনি কখনো পুরনো কাজ জমিয়ে রাখেন না। ২০১৯ সালের যেসব ফাইল বাকি ছিল বছরের শেষ দিনে ব্যস্ততার মধ্যেও অতিরিক্ত সময় দিয়ে তা শেষ করেছেন তিনি।

পুরনো সব কাজ শেষ করে নব উদ্যোমে নতুন বছর শুরু করেছেন চারবারের প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন গণমাধ্যমকে বলেন, ২০১৯ সালের সব কাজ ১৯শেই শেষ করে দিয়েছেন। কোনো ফাইল ২০২০ পর্যন্ত টেনে আনেননি। ওনার সব ফাইল উনি ক্লিয়ার করেছেন।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর কাছে প্রচুর ফাইল থাকে। গতকাল বছরের শেষ দিনে আট বক্স ফাইল ছিল প্রধানমন্ত্রীর কাছে। উনি গতকালই বাকি থাকা সব ফাইল পুঙ্খানুপুঙ্খভাবে দেখে ক্লিয়ার করেছেন। পুরাতন বছরের সব কাজ নতুন বছর শুরুর আগেই শেষ করেছেন।